

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
অভ্যন্তরীণ নিরীক্ষা শাখা
www.shed.gov.bd

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৮৭.১১.০৩৯.১৯ - ১২৮

তারিখঃ ০৮ বৈশাখ ১৪২৫
২১ এপ্রিল ২০১৯


বিষয়: উত্তর চরমানিক মাধ্যমিক বিদ্যালয়, চরফ্যাশন, ভোলা এর পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদন এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ব্রডশিট জবাবের বিপরীতে মন্ত্রণালয়ের মতামত ও নির্দেশনা।

সূত্র: (১) ৩৭.০২.০০০০.১০৭.০১.২০.২০১৬/৬১৪; তারিখ: ০৮/০৫/২০১৮ খ্রি. (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর হতে প্রাপ্ত)
(২) ডিআইএ/ভোলা/২০৩০-এস/মুলনা:৭৩৩৬; তারিখ: ১২/০৬/২০১৬ খ্রি. (পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর হতে প্রাপ্ত)

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক বিগত ২৭/০১/২০১৬ খ্রি. ভোলা জেলার চরফ্যাশন উপজেলাধীন উত্তর চরমানিক মাধ্যমিক বিদ্যালয় পরিদর্শন ও নিরীক্ষা করা হয়। পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদন এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ব্রডশিট জবাব পর্যালোচনায় প্রতিবেদনের নিম্নবর্ণিত বিষয়সমূহ অধিক গুরুত্বপূর্ণ প্রতীয়মান হয়েছে:

- স্টক টেকিং কমিটি নেই এবং বছর শেষে স্টক টেকিং করা হয় না;
- ফাইল রেজিস্টার, স্টক রেজিস্টার, ডিমান্ড এন্ড রিসিপিট রেজিস্টার, ডেসপাচ রেজিস্টার, চেক রেজিস্টার, সাবসিডিয়ারী রেজিস্টার চালু নেই;
- রেকর্ড মোতাবেক জমির পরিমাণ ১.২৮ একর যা প্রতিষ্ঠানের নামে খারিজ করা হয়নি;
- প্রতিষ্ঠানে পুথক পাঠাগার ও পর্যাপ্ত সংখ্যক পুস্তক নেই;
- প্রতিষ্ঠানটিতে বিজ্ঞান বিভাগ চালু থাকলেও পর্যাপ্ত পরিমাণ বৈজ্ঞানিক যন্ত্রপাতি ও রাসায়নিক দ্রব্যাদি নেই;
- ভবিষ্য তহবিল চালু করা হয়নি।

০২। উল্লিখিত বিষয়সমূহে কার্যকর ও যথাযথ ব্যবস্থা গ্রহণপূর্বক প্রতিটি বিষয়ে গৃহীত ব্যবস্থা সম্পর্কে নির্দিষ্ট ও সুস্পষ্টভাবে মন্ত্রণালয়কে অবহিত করার নিমিত্ত প্রধান শিক্ষকসহ সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।


(মোঃ রাহেদ হোসেন)
উপসচিব (অভ্যন্তরীণ নিরীক্ষা)
ফোনঃ ৯৫৪৬১০৭

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।

[দৃ:আ: উপপরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর]

সদয় অবগতির জন্য অনুলিপি:

- ১। পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
- ২। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ৪। জেলা শিক্ষা অফিসার, ভোলা
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চরফ্যাশন, ভোলা
- ৬। প্রধান শিক্ষক, উত্তর চরমানিক মাধ্যমিক বিদ্যালয়, চরফ্যাশন, ভোলা
- ৬। অতিরিক্ত সচিব (নিরীক্ষা ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ৭। যুগ্মসচিব (নিরীক্ষা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ৮। অফিস কপি।